

আমার আঁধার ভালো, আলোর কাছে বিকিয়ে দেবে আপনাকে সে ॥
 আলোরে যে লোপ ক'রে খায় সেই কুয়াশা সর্বনেশে ॥
 অবুঝ শিশু মায়ের ঘরে সহজ মনে বিহার করে,
 অভিমানী জ্ঞানী তোমার বাহির দ্বারে ঠেকে এসে ॥
 তোমার পথ আপনায় আপনি দেখায়, তাই বেয়ে, মা, চলব সোজা ।
 যারা পথ দেখাবার ভিড় করে গো তারা কেবল বাড়ায় খোঁজা—
 ওরা ডাকে আমায় পূজার ছলে, এসে দেখি দেউল-তলে—
 আপন মনের বিকারটারে সাজিয়ে রাখে ছদ্মবেশে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail